**ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি**
**ফরিদপুর শাখা ।**
**অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ১২ ধারা মোতাবেক বন্ধকী সম্পত্তি নিলাম বিক্রয়ের বিজ্ঞপ্তি:**

এতদ্বারা সর্বসাধারনের অবগতির জন্য জানানো যাইতেছে যে, **মোঃ বাচ্চু মিয়া**, পিতাঃ মৃত মোসলেম আলী মন্ডল, মাতা- মৃত তারা বানু , স্থায়ী ঠিকানা: হোল্ডিং- ০০২১-১১- ক, পশ্চিম গোয়ালচামট, রোড নং-০১, থানা- কোতয়ালী, ফরিদপুর পৌরসভা, ফরিদপুর সদর, জিলা-ফরিদপুর, বর্তমান ঠিকানা: ডোমরাকান্দি, বদরপুর, ফরিদপুর পৌরসভা, ফরিদপুর সদর, জিলা- ফরিদপুর, ব্যবসায় ঠিকানা: **মন্ডল ইন্টারন্যাশনাল** (প্রোঃ মোঃ বাচ্চু মিয়া), ডোমরাকান্দি, বদরপুর, ফরিদপুর সদর, ফরিদপুর কর্তৃক ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি: ফরিদপুর শাখা হইতে গৃহীত ঋণের জামানত হিসাবে নিম্ন তফসিলে বর্নিত সম্পত্তি ও তদুপরিস্থিত স্থাপনাদি রেজিস্ট্রিকৃত বন্ধকী দলিলমূলে ব্যাংকের নিকট বন্ধক রাখা আছে এবং রেজিস্ট্রিকৃত আম-মোক্তার দলিলমূলে আদালতের আদেশ ছাড়াই উহা বিক্রয়ের ক্ষমতা ব্যাংককে প্রদান করা আছে। ঋণগ্রহীতা মঞ্জুরীপত্রের শর্ত মোতাবেক ঋণ পরিশোধ না করায় বিগত ২৩/০৭/২০২৩ ইং তারিখ পর্যন্ত ব্যাংকের পাওনা মোট= **২২,৬৮,৫৫৪.৮৪** (বাইশ লক্ষ আটষট্টি হাজার পাঁচশত চুয়ান্ন দশমিক আট চার) টাকা যাহা অন্যান্য আনুসঙ্গিক খরচ ও আদায়কালতক সুদসহ আদায়ের নিমিত্ত নিম্ন তফসিলভুক্ত সম্পত্তি যেখানে যে অবস্থায় আছে সেই অবস্থায় নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী ক্রেতাদের নিকট হইতে সাদা কাগজে/প্যাডে স্থায়ী ঠিকানাসহ পূর্নাঙ্গ ঠিকানা উল্লেখ পূর্বক সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে। আগামী ৩১/০৮/২০২৩ ইং তারিখ বিকাল ৩.৩০ ঘটিকার মধ্যে ইউসিবি পিএলসি, ফরিদপুর শাখায় রক্ষিত বাক্সে সরাসরি অথবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে দরপত্র জমা দিতে হইবে এবং ঐ দিনই ৪.০০ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে। প্রত্যেক দরপত্রদাতাকে উদ্ধৃত দর অনুর্ধ ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা হইলে উহার ২০%, উদ্ধৃত দর ১০,০০,০০০/-(দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার ১৫%, এবং উদ্ধৃত দর ৫০,০০,০০০/-(পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সমপরিমাণ টাকার ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার জামানত স্বরূপ ইউসিবি, ফরিদপুর শাখার অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে। এতদসংক্রান্ত বিস্তারিত তথ্য www.ucb.com.bd ওয়েবসাইটে পাওয়া যাইবে।

## বন্ধককৃত সম্পত্তির তফসীল

জেলাঃ ফরিদপুর, উপজেলাঃ ফরিদপুর সদর, ফরিদপুর পৌরসভা, থানাঃ ফরিদপুর, অফিসের নাম/বিবরণঃ সহকারী কমিশনার (ভূমি), ফরিদপুর সদর, সাব রেজিষ্ট্রি অফিসঃ ফরিদপুর সদর, মৌজাঃ ডোমরাকান্দি, জে.এল. নং-১০১।

| খতিয়ান নং | দাগ নং | জমির প্রকৃতি | জমির পরিমান | তফসিল সম্পত্তির চৌহদ্দী |
|---|---|---|---|---|
| আর.এস- ১১৪১, ৯৫১, ১১৪৬, এস.এ.- ৮০৮, ৯৮৪, ৯৮৯, বি.এস.- ১০০, প্রস্তাবিত- ৯৫৫, | এস.এ.- ৩০৩, ৩০২, ৩০০, ৩০১, বি.এস.- ২৭৫, ২৭৬, ২৭৭, ২৭৮ | বাড়ি সহ জমি | ৫.৫০ শতাংশ জমি এবং উহার উপরিস্থিত সেমিপাকা ঘরসহ যাহা কিছু বিদ্যমান। | উত্তরে- জনাব নুর আলম এর জমি<br>দক্ষিণে- খাস জায়গাসহ ফরিদপুর-যশোহর হাইওয়ে<br>পূর্বে- ১৫ ফুট বিশিষ্ট রাস্তা<br>পশ্চিমে- জনাব আওয়াল এর জমি |
| জমির মালিক: মোঃ বাচ্চু মিয়া | | | | |

মোট সম্পত্তির পরিমানঃ ৫.৫০ শতাংশ (পাঁচ দশমিক পাঁচ শুণ্য শতাংশ) ভূমি ও তদস্থিত নির্মিত/নির্মিতব্য সকল

### নিলামের শর্তাবলী

(১) আগামী ৩১/০৮/২০২৩ ইং বিকাল ৩.৩০ ঘটিকার মধ্যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, ফরিদপুর শাখায় রক্ষিত বাক্সে সরাসরি অথবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে দরপত্র জমা দিতে হইবে এবং ঐ দিনই ৪.০০ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে।

(২) প্রত্যেক দরপত্রদাতাকে উদ্ধৃত দর অনুর্ধ ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা হইলে উহার ২০%, উদ্ধৃত দর ১০,০০,০০০/-(দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার ১৫%, এবং উদ্ধৃত দর ৫০,০০,০০০/-(পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সমপরিমাণ টাকার ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার জামানত স্বরূপ ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, ফরিদপুর শাখার অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।

(৩) অনুর্ধ ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে, ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ ৫০,০০,০০০/-(পঞ্চাশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট)

দিবসের মধ্যে, এবং ৫০,০০,০০০/-(পঞ্চাশ লক্ষ) টাকার অধিক উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে দরদাতাকে সমুদয় মূল্য পরিশোধ করিতে হইবে তাহা করিতে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়াপ্ত হইবে। প্রথম সর্বোচ্চ দরপত্রদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরপত্রদাতাকে সম্পত্তি ক্রয়ে আহ্বান করিতে পারিবেন।

(৪) দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মুল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে নিম্নস্বাক্ষরকারী উক্ত দর প্রস্তাব অগ্রাহ্য করিতে পারিবেন।

(৫) ব্যাংক কর্তৃপক্ষ সফল দরদাতার অনুকুলে নিলামকৃত সম্পত্তি রেজিষ্ট্রি দলিলমুলে হস্তান্তর করিবেন। তবে দলিল রেজিষ্ট্রি সংক্রান্ত যাবতীয় খরচ যেমন– রেজিষ্ট্রেশন ফি, ষ্ট্যাম্প ডিউটি, বিবিধ ব্যয়সহ অন্যান্য প্রযোজ্য শুল্ক প্রভৃতি এবং উহার উপর কোন সরকারী, আধা-সরকারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের যথা- সিটি কর্পোরেশন/পৌরসভা, ওয়াসা, ডেসা/ডেসকো, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান, ভূমিকর ইত্যাদী সহ যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তাহা সফল দরদাতাকেই বহন করিতে হইবে।

(৬) দরপত্র জমা দেওয়ার পর বিক্রয় প্রস্তাবিত সম্পত্তির আকার, প্রকার, অবস্থান, স্বত্ত্ব/স্বত্ত্বের দলিল ইত্যাদী সম্পর্কে কোন প্রকার আপত্তি গ্রহনযোগ্য হইবে না।

(৭) দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহনে ইচ্ছুক ব্যক্তিগণ বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য নিম্নস্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।

(৮) ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র গ্রহন বা সকল দরপত্র বাতিল করিবার ক্ষমতা সংরক্ষন করিবেন।

ব্যবস্থাপক, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি, ফরিদপুর - শাখা।